

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৫৩

পর্ব-১৭: দণ্ডবিধি (کتاب الحدود)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - মদের বর্ণনা ও মধ্যপায়ীকে ভীতিপ্রদর্শন করা

আরবী

وَعَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَدْخُلُ الْجَنَّةَ عَاقُّ وَلَا قَمَّارٌ وَلَا مَنَّانٌ وَلَا مُدْمِنُ خَمْرٍ» . رَوَاهُ الدَّارِمِيُّ وَفِي رِوَايَةٍ لَهُ: «وَلَا وَلَدَ زِنْيَةٍ» بَدَلَ «قمار»

বাংলা

৩৬৫৩-[২০] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মাতা-পিতার অবাধ্য সন্তান, জুয়ারি, অনুগ্রহ করে খোঁটাদানকারী ও সর্বদা মদ্যপায়ী জান্নাতে প্রবেশ করবে না। (দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৫৬৭২, দারিমী ২১৩৮, সহীহাহ্ ৬৭৩, সহীহ আল জামি' ৭৬৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: الْمَنَّان তথা অনুগ্রহ করে খোঁটাদানকারী।

चीवी (রহঃ) বলেনঃ মানুষকে খোটা দেয়ার উদ্দেশে যে দান করে এবং যাকে দান করে তার ওপর গর্ব অহংকার করে এটা একটি ঘৃণিত কাজ। আর খোটা সৎকর্মকে নষ্ট করে আর এর মাধ্যমে আত্মীয়তার সম্পর্ক নষ্ট হয় যেমন আল্লাহর বাণী: لَهُمْ أَجْرُ غَيْرُ مَمْنُونِ "তাদের জন্য অশেষ পুরস্কার"- (সূরা ফুস্পিলাত ৪১ : ৮)। 'জারজ সন্তান জারাতে প্রবেশ করবে না' অর্থ সে যদি তার পিতা-মাতার ন্যায় এই কাজে লিপ্ত হয়। এ শব্দের দ্বারা ইঙ্গিত করা সে হারাম বীর্যে সে সন্তান জন্ম লাভ করে সেও সাধারণত হারাম কাজে লিপ্ত থাকে অথবা স্বয়ং ব্যভিচারীকে জারজ সন্তান বলা হয়েছে যেন তার কুকর্মের দ্বারা প্রমাণ করছে সে এই পদার্থ থেকে জন্মেছে। (মিরকাতুল মাফাতীহ)



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন